২৪ ঘণ্টায় দেশজুড়ে ডেঙ্গু আক্রান্ত ২,৩২৬

২৪ ঘণ্টায় (৭ আগস্ট সকাল ৮টা থেকে ৮ আগস্ট সকাল ৮টা পর্যন্ত) রাজধানী ঢাকাসহ দেশের ৬৩ জেলায় (রাজশাহী বাদে) ২৩২৬ জন ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।

এর আগে, গত ৬ আগস্ট সকাল ৮টা পরবর্তী ২৪ ঘণ্টায় ঢাকাসহ দেশের ৬৩ জেলায় (রাজশাহী বাদে) ২৪২৮ জন, ৫ আগস্ট সকাল ৮টা পরবর্তী ২৪ ঘণ্টায় ঢাকাসহ দেশের ৬৩ জেলায় (রাজশাহী বাদে) ২৩৪৮, গত ৪ আগস্ট সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ঢাকাসহ দেশের ৬৩ জেলায় (রাজশাহী বাদে) ২০৬৫, ৩ আগস্ট সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ঢাকাসহ দেশের ৬৩ জেলায় (রাজশাহী বাদে) ১৮৭০ ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন।

এছাড়াও ২ আগস্ট সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ঢাকা শহরসহ দেশের ৬৩ জেলায় (রাজশাহী বাদে) ১৬৪৯ জন, ১ আগস্ট সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ঢাকা শহরসহ দেশের ৬৩ জেলায় (রাজশাহী বাদে) ১৬৮৭ জন, ৩১ জুলাই সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ১৭১২ জন, ৩০ জুলাই সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ১ হাজার ৪৭৭ জন, ২৯ জুলাই সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ঢাকা শহরসহ দেশের ৬০টি জেলার হাসপাতালগুলোতে ১ হাজার ৩৫ জন, ২৮ জুলাই সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ৫০ জেলায় ১ হাজার ৯৬ জন ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন।

স্বাস্থ্য অধিদফতরাধীন হেলথ ইমার্জেন্সি অপারেশন্স সেন্টার ও কন্ট্রোল রুম জানায়, নতুন আক্রান্ত ২৩২৬ জন নিয়ে এ বছর (৮ আগস্ট পর্যন্ত) সারাদেশে ডেঙ্গুজ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা বেড়ে গিয়ে দাঁড়ালো ৩৪ হাজার ৬৬৬ জনে। এর মধ্যে বিভিন্ন হাসপাতালে ভর্তি রয়েছেন ৮ হাজার ৭৬৫ জন।

প্রাপ্ত তথ্যে দেখা গেছে, নতুন আক্রান্ত ২৩২৬ জনের মধ্যে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ১৩০ জন, মিটফোর্ড হাসপাতালে ১১৮, ঢাকা শিশু হাসপাতালে ৪৪, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে ৫৬, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ৬৫, রাজারবাগ পুলিশ হাসপাতালে ২২, মুগদা মেডিকেল কলেজ হাসপাতালে ১২৪,

গণমাধ্যমসহ নানা সূত্র বলছে মৃত্যুর সংখ্যা ৭০ ছাড়িয়ে গেছে।